

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল-২০২১/১৪২৯


তারিখঃ ১৫-০৭-২০২১ইং

জরুরী বিজ্ঞপ্তি

২৫শে জুলাই, ২০২১ইং তারিখ হইতে অনুষ্ঠিতব্য অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা স্থগিত

এতদ্বারা স্মারক নং-বিবিসি/এনরোল-২০২১/১৪১৩, তারিখ: ৩০-০৬-২০২১ইং মূলে জারিকৃত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, কোভিড-১৯ মহামারির কারণে সরকার ঘোষিত কঠোর লকডাউন ও এই সংক্রান্ত বিধি-নিষেধ চলমান থাকার প্রেক্ষিতে বাংলাদেশ বার কাউন্সিলের আসন্ন ২৫-০৭-২০২১ইং তারিখ হইতে অনুষ্ঠিতব্য অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা স্থগিত করা হইল। আরো উল্লেখ্য, যাহারা বার কাউন্সিল বিধি 60B অনুযায়ী সর্বশেষ অনুষ্ঠিত দুইটি এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার যে কোনোটিতে (নভেম্বর ২০১৮ইং ও এপ্রিল ২০১৬ইং তে অনুষ্ঠিত) অনুত্তীর্ণ হইয়াছেন/অংশগ্রহণ করিতে ব্যর্থ হইয়াছেন, তাহাদের রি-এ্যাপিয়ার ফরম ফিলাপ কার্যক্রমও বর্ণিত কারণে স্থগিত করা হইল। মৌখিক পরীক্ষার তারিখ ও রি-এ্যাপিয়ার ফরম ফিলাপের সময়সূচী পরবর্তীতে ঘোষণা করা হইবে। মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) প্রকাশ করা হইবে।

আদেশক্রমে,


২৫/০৭/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)

সচিব

(সিনিয়র জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল

নং-বিবিসি/এনরোল-২০২১/১৪৩০(৮৩)

তারিখঃ ১৫-০৭-২০২১ইং

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে আঁটিয়া দিয়া প্রচারের অনুরোধসহ অনুলিপি সম্পাদক,
..... আইনজীবী সমিতির বরাবরে প্রেরণ করা হইল।




(মোঃ হুজুলা মুশ্বিদ)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ বার কাউন্সিল